যুগান্তর

24 JUL 2017

# বিপর্যয়ের মাঝেও স্বপ্নজয়

**যুগান্তর ডেস্ক**

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষায় পাসের হারে ছাত্রদের চেয়ে ছাত্রীরা এগিয়ে আছে। এবার পাসের হার ও জিপিএ-৫ দুটোই কমেছে। ১০ বোর্ডের গড় পাসের হার ৬৮ দশমিক ৯১ শতাংশ। গতবার এ হার ছিল ৭৪.৭০ শতাংশ। যুগান্তর প্রতিনিধিরা জানান—

**বন্দর :** বন্দর গার্লস স্কুল অ্যান্ড কলেজে পাসের হার ৯০ ভাগ। ১৪টি জিপিএ-৫ পেয়ে বন্দর উপজেলায় শীর্ষে রয়েছে এ শিক্ষা প্রতিষ্ঠান। এ দিকে নারায়ণগঞ্জ কলেজে পাসের হার ৫৮.৫১ ভাগ, জিপিএ-৫ পাঁচজন। সরকারি তোলারাম কলেজে পাসের হার ৬৬.৫২ ভাগ, জিপিএ-৫ ২৫ জন। নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজে পাসের হার ৭৭.৬৯ ভাগ, জিপিএ-৫ ৮৪ জন। কদম রসুল কলেজে পাসের হার ৭৬ ভাগ, জিপিএ-৫ নয়জন। নাজিমউদ্দিন ভূঁইয়া ডিগ্রি কলেজে পাসের হার ৫১ ভাগ। বিএম ইউনিয়ন স্কুল অ্যান্ড কলেজ পাসের হার ৮১ ভাগ, জিপিএ-৫ দু'জন। হাজী ইব্রাহিম আলম চান মডেল স্কুল অ্যান্ড কলেজে পাসের হার ৭৫.১৭ ভাগ, জিপিএ-৫ একজন।

**এইচএসসির ফলে এগিয়ে ছাত্রীরা**

**সিদ্ধিরগঞ্জ :** সিদ্ধিরগঞ্জে জিপিএ-৫-এ এগিয়ে সিদ্ধিরগঞ্জের সানারপাড় রওশন আরা কলেজ। এ কলেজে ২৪৭ ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে ২৩৫ জন। এরমধ্যে জিপিএ-৫ পেয়েছে ২৪ জন। এ-গ্রেড পেয়েছে ৯৫ জন। এ-মাইনাস ৭১ জন। বি ও সি যথাক্রমে ৩৯ এবং ৬ জন।

**শ্রীনগর :** এবার এইচএসসি পরীক্ষায় শ্রীনগর উপজেলার ৭টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট ১৮৪২ শিক্ষার্থী অংশগ্রহণ করে। এরমধ্যে পাস করেছে ১২৩৯ জন। গড় পাসের হার ৬৭.২৬ ভাগ। ফলের দিক থেকে সেরা শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকায় রয়েছে ভাগ্যকুল হরেন্দ্র লাল স্কুল অ্যান্ড কলেজ। পাসের হার ভাগ্যকুল হরেন্দ্র লাল স্কুল অ্যান্ড কলেজে ৮৬.৩৬ ভাগ, খাহ্রা আদর্শ ডিগ্রি কলেজ ৮৪.৭৪ ভাগ, শ্রীনগর সরকারি কলেজ ৬৮.১৩ ভাগ, হাসাড়াকালী কিশোর স্কুল অ্যান্ড কলেজ ৬৫.৯৬, রাঢ়ীখাল জেসিবোস কলেজ ৫৫.১৭ ভাগ, বাড়ৈগাঁও ইসলামিয়া স্কুল অ্যান্ড কলেজ ৫২.৫৩ ভাগ, শ্রীনগর পাইলট স্কুল অ্যান্ড কলেজ ৩৩.৩৩ ভাগ।

**কালিয়াকৈর :** গাজীপুরের কালিয়াকৈর উপজেলার ১৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের মাত্র ৩১ শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। কালিয়াকৈরে এইচএসসি পরীক্ষায় ৯টি কলেজ ও ৪টি মাদ্রাসা কলেজের শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করে। এদের মধ্যে সফিপুর ভাষা শহীদ আবদুল জব্বার আনসার ভিডিপি কলেজে পাসের হার ৯০ ভাগ, জিপিএ-৫ পেয়েছে ১৯ জন। সফিপুর আইডিয়াল পাবলিক স্কুল অ্যান্ড কলেজে ৯৪ ভাগ, জিপিএ-৫ পেয়েছে ৮জন। মিছির আলী কলেজে পাসের হার ৯৯.৩৫ ভাগ, জিপিএ-৫ পেয়েছে ৪ জন। এ ছাড়া অন্য কলেজে পাসের হার হচ্ছে অধ্যাপক শাজাহান আলী কলেজ ৮২ ভাগ, হাবিজ উদ্দিন সরকার কলেজ ৫৬ ভাগ, বড়ইবাড়ী আদর্শ কলেজ ৬৪ ভাগ, কালিয়াকৈর ডিগ্রি কলেজ ৪১ ভাগ, জাতির পিতা বঙ্গবন্ধু সরকারি কলেজ ৩৯ ভাগ, বড়ইবাড়ী একেইউ ইন্সটিটিউশন ৩৪ ভাগ। এছাড়া মোজাদ্দিদিয়া মাদ্রাসায় পাসের হার ১০০ ভাগ, কালিয়াকৈর ফাজিল মাদ্রাসা ৮৮ ভাগ, চান্দাবহ ইসলামিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা ৮৮ ভাগ ও পাবুরিয়াচালা মাদ্রাসা ৫০ ভাগ।

**ঢাকা (উত্তর) :** টঙ্গী সরকারি কলেজ থেকে এবারের পরীক্ষায় ১ হাজার ১৬৫ পরীক্ষার্থী অংশগ্রহণ করে ৬১৪ জন পাস করেছে, কোনো জিপিএ-৫ পায়নি। টঙ্গী পাইলট স্কুল অ্যান্ড গার্লস কলেজ থেকে ৩৬৮ পরীক্ষার্থী অংশগ্রহণ করে পাস করেছে ২৫৯ জন এবং জিপিএ-৫ পেয়েছে একজন শিক্ষার্থী। টঙ্গীর হাজী কছিমউদ্দিন বিএম অ্যান্ড কমার্স কলেজ থেকে ৫৪ জন অংশগ্রহণ করে একজন জিপিএ-৫সহ ৪০ জন পাস করেছে। এদিকে সফিউদ্দিন সরকার একাডেমি অ্যান্ড কলেজ থেকে ৭৯৪ পরীক্ষার্থী অংশগ্রহণ করে ৪২ জন জিপিএ-৫সহ ৭১৪ জন পাস করেছে। সিরাজউদ্দিন সরকার বিদ্যানিকেতন অ্যান্ড কলেজ থেকে ১২৫ জনে ৪ জন জিপিএ-৫সহ ১০১ জন পাস করেছে। সাহাজউদ্দিন মডেল উচ্চমাধ্যমিক বিদ্যালয় থেকে ২৬২ জনে ১৪৮ জন পাস এবং সাতাইশ উচ্চবিদ্যালয় অ্যান্ড কলেজ থেকে ৭৩ জনে ৩৫ জন পাস করেছে।